

নিরপেক্ষ ন্যায় : তিনটি নিরপেক্ষ বচন দ্বারা গঠিত অবরোহ অনুমান যেখানে মাত্র তিনটি পদ থাকে ও প্রতিটি পদ দুবার করে ব্যবহার হয়।

আদর্শ আকার→

সিদ্ধান্তের-- উদ্দেশ্য পদকে বলে পক্ষ পদ বা অপ্রধান পদ। বিধেয় পদকে বলা হয় সাধ্য পদ বা প্রধান পদ।

প্রধান পদ যে আশ্রয়বাক্যে থাকে—প্রধান আশ্রয়বাক্য।

অপ্রধান পদ যে আশ্রয়বাক্যে থাকে—অপ্রধান আশ্রয়বাক্য।

তৃতীয় পদ—হেতু পদ।

সকল দার্শনিক হয় বোকা।

কোন কোন গণিতজ্ঞ হন বোকা।

অতএব, কোন কোন গণিতজ্ঞ হন দার্শনিক।

সকল ভাবুক ব্যক্তি হয় ধার্মিক

কোন স্বেরাচারী নয় ধার্মিক

অতএব, কোন স্বেরাচারী নয় ভাবুক।

সকল ভারতীয় ছাত্র হয় মেধাবী

কোন কোন ছাত্র হয় ভারতীয় ছাত্র

অতএব, কোন কোন ছাত্র হয় মেধাবী।

যেহেতু অবরোহ অনুমান, সেহেতু নিরপেক্ষ ন্যায়ে বৈশিষ্ট্যঃ

১) সিদ্ধান্ত কোনভাবেই আশ্রয়বাক্য থেকে ব্যাপকতর হয় না।

২) সিদ্ধান্ত দুটি আশ্রয়বাক্যের সম্মিলিত ফল। তাই অমাধ্যম অনুমান থেকে আলাদা।

৩) আশ্রয়বাক্য যদি সত্য হয়, সিদ্ধান্তও সত্য হবে।

সংস্থান [Figure]

নিরপেক্ষ ন্যায়ের আশ্রয়বাক্য দুটিতে হেতু পদের বিভিন্ন অবস্থান অনুযায়ী ন্যায়ের যে ভিন্ন ভিন্ন আকার।

Figure 1	Figure 2	Figure 3	Figure 4
M—P	P—M	M—P	P—M
S—M	S—M	M—S	M—S
∴ S—P	∴ S—P	∴ S—P	∴ S—P

১) সকল M হয় P

সকল S হয় M

∴ সকল S হয় P

২) সকল P হয় M

সকল S হয় M

∴ সকল S হয় P

৩) সকল M হয় P

সকল M হয় S

∴ সকল S হয় P

৪) সকল P হয় M

সকল M হয় S

∴ সকল S হয় P.

মূর্তি ০: Mood

নিরপেক্ষ ন্যায়ের অন্তর্গত বচনসমূহের গুন, পরিমাণ ও হেতু পদের অবস্থান অনুসারে ন্যায়ের যে আকার হয়, তাই মূর্তি।

এই অর্থে, যদি কোন দুটি নিরপেক্ষ ন্যায়ের অন্তর্গত বচনগুলির গুণ ও পরিমাণ অভিন্ন হয় কিন্তু তাদের মধ্যে হেতু পদের অবস্থানগত পার্থক্য থাকে, তাহলে ন্যায় দুটিকে অভিন্ন মূর্তি বলা যাবে না।

1) সকল মানুষ হয় দ্বিপদ জীব। (A)

কোন কোন ইতর প্রাণী হয় দ্বিপদ জীব। (I)

অতএব, কোন কোন ইতর প্রাণী হয় মানুষ। (I)

2) সকল শিল্পী হয় ভাবুক। (A)

কোন কোন শিল্পী হয় দার্শনিক। (I)

অতএব, কোন কোন দার্শনিক হয় ভাবুক। (I)

1) সকল P হয় M A

কোন কোন S হয় M I

∴ কোন কোন S হয় P I

AII-2

2) সকল M হয় P

কোন কোন M হয় S

∴ কোন কোন S হয় P

AII-3

২৫৬ মূর্তি; শুদ্ধ মূর্তি ১৯

1st Figure: BARBARA, DARII, CELARENT, FERIO

2nd Figure: CAMESTERS, FESTINO, BAROCO, CESARE

3rd Figure: DARAPTI, DATISI, FELAPTON, FERISON, DISAMIS, BOCARDO

4th Figure: BRAMANTIP, CAMENES, FESAPO, FRESISON, DIMARIS.

সংস্থানমাত্রই মূর্তি, কিন্তু মূর্তি মাত্রই সংস্থান নয় কেননা মূর্তি ভিন্ন হলে সংস্থান ভিন্ন নাও হতে পারে।